

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা-১ শাখা  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
www.ssd.gov.bd



স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮.২২৬

তারিখ: ৬ বৈশাখ ১৪২৭  
১৯ এপ্রিল ২০২০

বিষয়: দেশে করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত বিরাজমান আপৎকালীন অবস্থার প্রেক্ষাপটে প্রিজনার্স ক্যাশ (পিসি) এর অর্থ নগদ গ্রহণের পাশাপাশি মোবাইল ব্যাংকিং সেবা নগদ/bkash সিস্টেমের মাধ্যমে গ্রহণের অনুমোদন

সূত্র: (ক) কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০.২৪৫ তারিখ: ৩.৪.২০২০ খ্রি.

(খ) এ বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮.২১২ তারিখ: ২৩.৩.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে দেশে করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত বিরাজমান আপৎকালীন অবস্থার প্রেক্ষাপটে প্রিজনার্স ক্যাশ (পিসি) এর অর্থ নগদ গ্রহণের পাশাপাশি মোবাইল ব্যাংকিং সেবা নগদ/bkash সিস্টেম চালু করার অনুমতি শুধুমাত্র আপৎকালীন সময়ের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে প্রদান করা হলো:

শর্তাবলি:

১। দেশের প্রতিটি কারাগারে নিম্নোক্ত ছকে উল্লিখিত আটক বন্দিদের ভিত্তিতে পৃথক নগদ/bkash নম্বর থাকবে:

ক্র. নং.	আটক বন্দির সংখ্যা	নগদ/bkash নম্বরের সংখ্যা
১.	৫০০ জন	১টি
২.	৫০০ থেকে ১০০০ জন	২টি
৩.	১০০০ থেকে ৩০০০ জন	৩টি
৪.	৩০০০ থেকে তদূর্ধ্ব	৫টি

- ২। নগদ/bkash নম্বর শুধু মোবাইল ব্যাংকিং কার্যক্রমের জন্য ব্যবহৃত হবে;
- ৩। নগদ/bkash নম্বরটি ব্যক্তিগত নয় বরং Agent নগদ/bkash নম্বর হিসেবে ব্যবহৃত হবে;
- ৪। আত্মীয়-স্বজন ১ জন বন্দির জন্য একবারে ১০০০/- (এক হাজার) টাকা ও মাসে সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা পর্যন্ত পাঠাতে পারবেন;
- ৫। নগদ/bkash এ টাকা পাঠানোর সময় টাকা উত্তোলনের চার্জসহ প্রেরণ করতে হবে, নতুবা চার্জ কেটে প্রেরিত টাকা বন্দির পিসিতে জমা করতে হবে;
- ৬। নগদ/bkash এ টাকা প্রেরণের পরপরই বন্দির নাম, পিতার নাম, ঠিকানাসহ যে মোবাইল নম্বর থেকে টাকা পাঠানো হলো সেই নম্বর উল্লেখ করে উল্লিখিত নগদ/bkash নম্বরেই একটি এসএমএস দিতে হবে;
- ৭। নগদ/bkash এর মাধ্যমে প্রাপ্ত টাকা সংশ্লিষ্ট বন্দির পিসিতে জমা করতে হবে। জমাকৃত অর্থ হতে মোবাইলে কথা বলা সহ কারা ক্যান্টিনের মাধ্যমে সীমিত আকারে অন্যান্য খরচ নির্বাহ করতে হবে।
- ৮। নগদ/bkash এ টাকা প্রাপ্তির বিষয়টি বন্দির পিসিতে এন্ট্রি করে তা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট বন্দির জানিয়ে দিতে হবে এবং হিসাব সংরক্ষণ করতে হবে।

  
(মোঃ মনিরুজ্জামান)

উপসচিব

ফোন: ৯৫৫০০১৭

E-mail: jail1@ssd.gov.bd

কারা মহাপরিদর্শক

কারা অধিদপ্তর

ঢাকা

কারা অধিদপ্তর, ঢাকা


পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০- ২৪৯ (১০২)

তারিখ : ০৭ বৈশাখ ১৪২৭  
২০ এপ্রিল ২০২০

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮-২২৬ তারিখ: ১৯ এপ্রিল ২০২০ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো;

বিতরণ:

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ ( শুধু ই-মেইলযোগে);
- ২। সিনিয়র কারা তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার ( শুধু ই-মেইলযোগে);
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
- ৪। পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্সটেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজেস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৯। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক এর সদয় অবগতির জন্য;
- ১০। গার্ড ফাইল।

  
মোঃ আবরার হোসেন  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)  
[addl.ig@prison.gov.bd](mailto:addl.ig@prison.gov.bd)